# শিশুবান্ধব পঞ্চায়েতের দাবি জানাল ২ সংগঠন

আজকালের প্রতিবেদন

পঞ্চায়েত ভোটের আগে শিশুবান্ধব পঞ্চায়েত তৈরির দাবি তুলেছে ওয়েস্ট বেঙ্গল এডুকেশন নেটওয়ার্ক এবং চাইল্ড রাইটস অ্যান্ড ইউ (ক্রাই)। বৃহস্পতিবার কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠকে ওয়েস্ট বেঙ্গল এডুকেশন নেটওয়ার্ক আহ্বায়ক স্বপন পান্ডা বলেন, ভারতে শিশুদের ভোটাধিকার নেই। কিন্তু শিশুপাচার, নিগ্রহ, নির্যাতন হচ্ছে। অথচ তাদের অভিযোগ দায়ের করার কোনও সুযোগ নেই। জেলার প্রত্যন্তরে দেখা গেছে শিশুদের অধিকার নেই। পঞ্চায়েতে তাদের অধিকার সুরক্ষিত করতে উদ্যোগ নেওয়া হয়েছে। পঞ্চায়েত ভোটের আগে প্রতিটি রাজনৈতিক দলের কাছে শিশু অধিকারের দাবি নিয়ে যাওয়া হবে। এদিন শিশুবান্ধব পঞ্চায়েত গড়ার দাবিতে একটি ইস্তাহারও প্রকাশ করা হয়। আগামী প্রজন্মকে তার সব অধিকার নিয়ে বাঁচার জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান শিক্ষাবিদ সমর বাগচী। ক্রাইয়ের আঞ্চলিক অধিকর্তা অতীন্দ্রনাথ দাস জানান, শিক্ষা-সহ শিশুরও কিছু অধিকার আছে। যা এখানে প্রতিনিয়ত বাধা পাচ্ছে। তাদের সমস্যার কথা তারাই বলতে পারবে। যেখানে জনসংখ্যার ৪০ শতাংশ শিশু, সেখানে তাদের বিকাশ ও সুরক্ষায় যথাযথ পরিকল্পনা থাকা প্রয়োজন। তাদের মতামতকেও গুরুত্ব দেওয়া জরুরি। পঞ্চায়েতকে শিশুবান্ধব করে গড়ে তুলতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টিকর খাদ্য, শিশুশ্রমিক, বাল্যবিবাহ রোধের মতো দিকগুলি তুলে একটি ইস্তাহার প্রকাশ করা হয়েছে। এ নিয়ে রাজনৈতিক দল ও নেতৃত্বদের সঙ্গেও কথা বলা হবে। এদিনের সাংবাদিক বৈঠকে পূর্ব মেদিনীপুর থেকে নবম শ্রেণির দুই পড়ুয়াও তাদের অধিকার নিয়ে সরব হন।